

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

নং- ২০.০৫.০০০০.৪৭৮.১৪.২৫৩.১৬-৭১

তারিখঃ ৪ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ
১৮ মে ২০১৬ খ্রিষ্টাব্দ

পিইসি সভার বিজ্ঞপ্তি

বিষয়ঃ “বিতরণ ব্যবস্থার ক্ষমতাবর্ধন, পুনর্বাসন ও ঘনায়ন (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)”—শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রস্তাবিত “বিতরণ ব্যবস্থার ক্ষমতাবর্ধন, পুনর্বাসন ও ঘনায়ন (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)”— শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)’র সভা আগামী ২৫/০৫/২০১৬ তারিখ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি বিভাগ) মহোদয়ের সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে (ব্লক-১০, কক্ষ-৩) অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় উপযুক্ত প্রতিনিধি (যুগ্ম-প্রধান/যুগ্ম-সচিব পর্যায়ের নিম্নে নয়) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। সভার কার্যপত্র এবং প্রস্তাবিত ডিপিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।



(আবু সাঈদ মোঃ কামরুজ্জামান)

সিনিয়র সহকারী প্রধান

ফোনঃ ৯১৮০৬৪৬

ই-মেইলঃ kzaman050870@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ যুগ্ম-সচিব, এডিবি)।

৩। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ সিরাজুন নূর চৌধুরী, উপ-সচিব, বাজেট অধিশাখা-১৫)।

৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃঃ আঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।

৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৯। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

১০। চেয়ারম্যান, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।

অবগতির জন্য অনুলিপিঃ

১। সিনিয়র সহকারী সচিব, প্রটোকল শাখা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

(২০ জন কর্মকর্তার চা-নাস্তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো)।

২। ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৪। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৫। যুগ্ম-প্রধান (শিল্প ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৬। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

বিষয়ঃ পিইসি সভার জন্য কার্যপত্র

১। প্রকল্পের নামঃ বিতরণ ব্যবস্থার ক্ষমতাবর্ধন, পুনর্বাসন ও ঘনায়ন (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)।

২। উদ্যোগী মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থাঃ

(ক) বিভাগ/মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

(খ) বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)।

৩। প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ

(কোটি টাকায়)

জিওবি	প্রকল্প সাহায্য	সংস্থার নিজস্ব	মোট
১৪০৪.৫৯	২০০৬.৩০	-	৩৪১০.৮৯

৪। প্রকল্পের বাস্তবায়নকালঃ জুলাই, ২০১৬ থেকে জুন, ২০১৯ পর্যন্ত।

৫। প্রকল্পের অর্থায়নঃ

(কোটি টাকায়)

অর্থায়নের প্রকৃতি	জিওবি	সংস্থার নিজস্ব	প্রকল্প সাহায্য	মোট	প্রকল্প সাহায্যের উৎস
১	২	৩	৪	৫	৬
(ক) ঋণ	-	-	২০০৬.৩০	২০০৬.৩০	এডিবি
(খ) অনুদান	-	-	-	-	
(গ) ইকুইটি	১৪০৪.৫৯	-	-	১৪০৪.৫৯	
(ঘ) অন্যান্য	-	-	-	-	
মোট	১৪০৪.৫৯	-	২০০৬.৩০	৩৪১০.৮৯	

৬। এডিপিতে অন্তর্ভুক্তিঃ

প্রস্তাবিত প্রকল্পটি ২০১৫-২০১৬ অর্থ বছরের আরএডিপিতে বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দ ব্যতিরেকে প্রতিফলিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত আছে।

৭। প্রকল্প এলাকাঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন ৪২ টি পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস)।

৮। প্রকল্পের উদ্দেশ্যঃ

প্রকল্পের প্রধান প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ

- বিদ্যুতায়নের মাধ্যমে গ্রাম এলাকায় অর্থনৈতিক উন্নয়নের গতি ত্বরান্বিত করণ।
- ঘনায়নের জন্য পুরাতন জরাজীর্ণ বিতরণ লাইনের পুনর্বাসন/আপ-গ্রেড করা।
- বিতরণ লাইনের ঘনায়নের মাধ্যমে বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণ।
- বর্তমান স্তর থেকে বিতরণ ব্যবস্থার সিস্টেম লস হ্রাস করণ।
- শিল্পায়ন, সেচ, কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি, স্বাস্থ্য সুবিধা, শিক্ষা ও স্বাক্ষরতা সুবিধা জোরদার করা।

৯। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ

বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে সবার জন্য বিদ্যুৎ এই প্রতিজ্ঞায় প্রতিজ্ঞাবদ্ধ হয়ে বিদ্যুতায়ন কার্যক্রমের গতি ত্বরান্বিত করনে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করেছে। এছাড়াও পল্লী এলাকায় বিদ্যুৎ সেবা নিশ্চিতকরণ একটি সাংবিধানিক বাধ্যবাধকতা। এই সাংবিধানিক বাধ্যবাধকতা পূরণের মাধ্যমে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করে বৃহত্তর গ্রামীণ জীবনের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটানোর জন্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রতিষ্ঠিত করা হয়। এ পর্যন্ত বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতায় ৭৮টি পল্লী বিদ্যুৎ সমিতি প্রতিষ্ঠা করা হয়েছে। পবিসসমূহ প্রতিষ্ঠার পর বিভিন্ন ঘনায়ন ও সম্প্রসারণ প্রকল্পের অধীনে বাপবিবো পবিসসমূহের বিতরণ লাইন সম্প্রসারণ ও ঘনায়ন করে আসছে।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এ পর্যন্ত ২৮৮১৮৯ কিঃমিঃ লাইনের মাধ্যমে ১৩৬.৪ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সেবা প্রদান করেছে। বাপবিবোর্ডের ৭৭টি পবিসের মধ্যে ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের ৪২টি পবিসের ভৌগলিক এলাকায় বর্ণিত প্রকল্পটি প্রস্তাবিত। ৪২টি পবিস, এ পর্যন্ত ১৫২৯৭৯ কিঃমিঃ বিতরণ লাইন ও ৪২১ টি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের মাধ্যমে ৬৩.৭ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সেবা প্রদান করে আসছে। বিতরণ ব্যবস্থা পুরাতন হওয়ায় বিতরণ লাইনের মধ্যে একটা বড় অংশ জরাজীর্ণ ও ওভারলোডেড অবস্থায় রয়েছে। এমতাবস্থায়, বিদ্যুতের গুণগত মান উন্নয়ন, গ্রাহক সংযোগে বিতরণ ব্যবস্থার সামর্থ্য বৃদ্ধি, সিস্টেম লস হ্রাস ও বিতরণ লাইনের ঘনায়নের (১/২/৩ পোল সম্প্রসারণ) মাধ্যমে নতুন গ্রাহক সংযোগের লক্ষ্যে ২০৫৩৫ কিঃমিঃ বিতরণ লাইনের পুনর্বাসন/ক্ষমতাবর্ধন ও ৬৪৬৫ কিঃমিঃ নতুন লাইন নির্মাণের জন্য “বিতরণ ব্যবস্থার ক্ষমতাবর্ধন, পুনর্বাসন ও ঘনায়ন (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ) বিতরণ ব্যবস্থার ক্ষমতাবর্ধন, পুনর্বাসন ও ঘনায়ন (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)” শীর্ষক প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে।

১০। প্রকল্পের প্রস্তাবিত মূল কার্যক্রমঃ

প্রকল্পের প্রস্তাবিত মূল কার্যক্রম (ডিপিপি পৃঃ-১০):

- ১১ কেভি অথবা নিম্নতর ভোল্টেজের নতুন লাইন নির্মাণ : ৬,৪৬৫ কিঃমিঃ।
- বিতরণ লাইনের ক্ষমতাবর্ধন/পুনর্বাসন : ২০,৫৩৫ কিঃমিঃ।
- গ্রাহক সংযোগ : ৫ লক্ষ।
- অফিস বিল্ডিং নির্মাণ : ৬,৬৯৩ বর্গমিটার।
- আবাসিক বিল্ডিং নির্মাণ : ১১,৬১৯ বর্গমিটার।

১১। প্রকল্পের আয় ব্যয় বিশ্লেষণ (লাভজনক/অলাভজনক) (ডিপিপি পৃঃ ১১)

(ডিসকাউন্ট রেট ১২%)

	আর্থিক	অর্থনৈতিক
NPV	২৫৬২৯.৯৮ লক্ষ	২৫০৫৬০৬.৭৩ লক্ষ
BCR	১.০১	১.৮৬
IRR	১৩.২০	১৮.০২

১২। পরিকল্পনা কমিশনের মতামতঃ

১২.১. বিদ্যমান পরিপত্র মোতাবেক প্রকল্পের আওতায় প্রস্তাবিত জনবল অর্থ বিভাগের নির্ধারিত কমিটি কর্তৃক সুপাশিতকৃত হওয়ার পর ডিপিপি পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে পরিকল্পনা কমিশনে প্রেরণ করার বিধান বিদ্যমান আছে। এ প্রকল্পের প্রস্তাবিত জনবল অর্থ বিভাগের নির্ধারিত কমিটি কর্তৃক অদ্যাবধি সুপারিশকৃত নয় বিধায় বিদ্যুৎ বিভাগ তা সম্পন্ন করার জন্য কোন জরুরী পদক্ষেপ গ্রহণ করেছে কি না তা সভাকে অবহিত করতে পারে;

১২.২. পরিবেশ আইন ও বিধির আলোকে আলোচ্য প্রকল্পটি লাল শ্রেণীভুক্ত হওয়ায় প্রকল্পের অনুমোদনের পূর্বেই EIA সম্পন্ন করার বিষয়ে পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত গেজেট (মার্চ ১২, ২০১৫) এবং এ বিষয়ে পরিবেশ অধিদপ্তরের ১১ এপ্রিল ২০১৬ তারিখের পরিপত্র যথাযথভাবে অনুসরণ না করার ফলে প্রকল্প অনুমোদনের পর এ কাজ সম্পন্ন করার ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয়। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের মতামত/ব্যাখ্যা সভায় জানা যেতে পারে;

১২.৩. ডিপিপি'র ৮ নং পৃষ্ঠায় ১৪ নং অনুচ্ছেদে (২ নং প্যারা) প্রকল্পের পটভূমিতে বর্ণিত তথ্যাদি হালনাগাদ নয়। পরিসংখ্যান প্রদানের ক্ষেত্রে রেফারেন্স হিসেবে মাস ও সাল উল্লেখ করা সমীচীন হবে;

১২.৪. ডিপিপিতে সংযুক্ত Feasibility Study Report থেকে প্রতীয়মান হয় যে, পল্লী বিদ্যুতায়ন বোর্ডের তিনজন কর্মকর্তা দ্বারা তা সম্পন্ন করা হয়েছে। তাছাড়া, এ রিপোর্ট প্রণয়নের জন্য আরইবি কর্তৃপক্ষের কোন নোটিফিকেশন নেই। একজন নিরপেক্ষ এবং অভিজ্ঞ পরামর্শক নিয়োগ করা হলে নিরপেক্ষ প্রতিবেদন পাওয়া যেত বলে মনে হয়। ন্যূনতম পক্ষে বিদ্যুৎ বিভাগের বিভিন্ন সংস্থার প্রতিনিধি সমন্বয়ে একটি কমিটির মধ্যমে Feasibility Study Report করা হলে তার গ্রহনযোগ্যতা বেশী হতো। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের মতামত/ব্যাখ্যা সভায় জানা যেতে পারে;

১২.৫. প্রকল্পের আওতায় প্রস্তাবিত গাড়ির সংখ্যার (জীপ-৬টি, পিকআপ (ডাবল ক্যাবিন ১টি, মটর সাইকেল ১০টি) যৌক্তিকতা সম্পর্কে বিদ্যুৎ বিভাগের মতামত জানা যেতে পারে;

১২.৬. প্রকল্পের অনুকূলে এশীয় উন্নয়ন ব্যাংক হতে প্রকল্প সাহায্য প্রাপ্তির বিষয়ে সর্বশেষ অগ্রগতির তথ্যাদি ইআরডি'র প্রতিনিধি সভাকে অবহিত করতে পারেন;


১২.৭. পরিকল্পনা বিভাগের এনইসি ও সমন্বয় অধিশাখার ০৪/০৫/২০১৬ তারিখের পত্রে “ভূমি অধিগ্রহণের পরিমাণ ন্যূনতম পর্যায়ে রাখার লক্ষ্যে উর্ধ্বমুখী সম্প্রসারণ নীতি গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে” মর্মে এনইসি সভার সিদ্ধান্তের বিষয়টি অবহিত করা হয়েছে। প্রকল্পের আওতায় প্রস্তাবিত আবাসিক এবং অফিস ভবন নির্মাণের বিষয়েও ০৪/০৫/২০১৬ তারিখের জারীকৃত পত্রে এনইসি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসরণযোগ্য। সভায় এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের মতামত জানা যেতে পারে;

১২.৮. আলোচ্য প্রকল্পের অর্থায়নের প্রস্তাবে সংস্থার কোন অবদান উল্লেখ নেই। জিওবি অর্থের চাপ কমানোর লক্ষ্যে আরইবি'র ন্যূনতম পার্টিসিপেশন থাকা বাঞ্ছনীয়। সভায় এ বিষয়ে বিদ্যুৎ বিভাগ ও বাস্তবায়নকারী সংস্থা তাদের অভিমত ব্যক্ত করতে পারে;

১২.৯. প্রকল্পের আওতায় আবাসিক ভবন নির্মাণ বাবদ ৪০৬৬.৬৫ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। আবাসিক ভবন নির্মাণের যৌক্তিকতা ও এ ব্যয় প্রাক্কলনের ভিত্তি বিদ্যুৎ বিভাগ সভাকে অবহিত পারে;

১২.১০. প্রকল্পের আওতায় অন্যান্য পূর্তকাজ বাবদ ২৫৫৯.১৫ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। এ ব্যয় প্রাক্কলনের ভিত্তি বিদ্যুৎ বিভাগ সভাকে অবহিত পারে;

১২.১১. অফিস বিল্ডিং নির্মাণ বাবদ ২১৪১.৭৬ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। এ ব্যয় প্রাক্কলনের ভিত্তি বিদ্যুৎ বিভাগ সভাকে অবহিত পারে।


(মোঃ খালিলুর রহমান খান)
যুগ্ম-প্রধান

প্রকল্পের অংগভিত্তিক ব্যয় বিভাজন (ডিপিপি পৃঃ ৪):

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	ব্যয় খাত	পরিমাণ	জিওবি	প্রকল্প সাহায্য	মোট
(ক) রাজস্ব ব্যয়					
১।	কর্মকর্তাদের বেতন	৪২ জন	২১৫.২৮	০.০০	২১৫.২৮
২।	কর্মচারীদের বেতন	৬৫ জন	২২২.১৪	০.০০	২২২.১৪
৩।	ভাতাদি	১০৭ জন	৫৬৯.৮১	০.০০	৫৬৯.৮১
৪।	সরবরাহ ও সেবা	থোক	১৮২০৪.৫২	৭৮৬.৫৯	১৮৯৯১.১১
৫।	মেরামত ও রক্ষনাবেক্ষণ	থোক	১১.০৫	০.০০	১১.০৫
(ক) উপ-মোট (রাজস্ব ব্যয়):			১৯২২২.৮০	৭৮৬.৫৯	২০০০৯.৩৯
(খ) মূলধন ব্যয়					
৬।	যানবাহন ক্রয়	জীপ-৬টি, পিকআপ (ডাবল ক্যাবিন ১টি, মটর সাইকেল ১০টি।	০.০০	৩৪০.০০	৩৪০.০০
৭।	সরঞ্জাম ও মালামাল	থোক	০.০০	১৮৯৯৪৯.৫২	১৮৯৯৪৯.৫২
৮।	কম্পিউটার ও এর যন্ত্রাংশ	১২ সেট	৭.২০	০.০০	৭.২০
৯।	আসবাবপত্র	থোক	১৮.০০	০.০০	১৮.০০
১০।	অন্যান্য	থোক	৫.৫০	০.০০	৫.৫০
১১।	অফিস বিল্ডিং নির্মাণ কাজ	৬৬৯৩ বঃ মিঃ	২১৪১.৭৬	০.০০	২১৪১.৭৬
১২।	আবাসিক বিল্ডিং নির্মাণ কাজ	১১৬১৯ বঃ মিঃ	৪০৬৬.৬৫	০.০০	৪০৬৬.৬৫
১৩।	অন্যান্য পূর্ত নির্মাণ কাজ	থোক	২৫৫৯.১৫	০.০০	২৫৫৯.১৫
১৪।	বৈদ্যুতিক লাইন নির্মাণ	থোক	৩৯২০৭.০০	০.০০	৪০১৭৭.১০
১৫।	সিডি ভ্যাট	থোক	৬৬২৪২.৪৮		৬৬২৪২.৪৮
১৬।	বিবিধ মূলধনী ব্যয়	থোক	৩০০.০০		৩০০.০০
(খ) উপ-মোট (মূলধন ব্যয়):			১১৪৫৪৭.৭৪	১৯০২৮৯.৫২	৩০৫৮০৭.৩৬
(গ) প্রাইজ কন্ট্রিনজেন্সী:			-	৬৬৮৮.৫৩	১৬২৯০.৮৪
সর্বমোট (ক+খ+গ) :			১৪০৪৫৯.০৬	২০০৬২৯.৯২	৩৪১০৮৮.৯৮